


গত ২০ আগস্ট ২০১৯ তারিখ কেডিএ সম্পর্কে দৈনিক পূর্বাঞ্চল পত্রিকায় “ভবনের নকশা অনুমোদনে অনিয়ম তদন্তে কেডিএতে দুদকের অভিযান”, দৈনিক প্রবাহ পত্রিকায় “কেডিএতে দুদকের ঝটিকা অভিযান”, দৈনিক সময়ের খবর পত্রিকায় “কেডিএতে দুদকের অভিযান, ভবনের নকশা অনুমোদনে অনিয়মের অভিযোগ” প্রকাশিত ইত্যাদি সংবাদের জোর প্রতিবাদ জানাচ্ছে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ। প্রকৃত ঘটনা হলো-

জনাব এস এম কামরুল ইসলাম, পিতা-এস এম মুজিবুর রহমান এর আবেদনের পরিপ্রেক্ষিতে লবনচরা মৌজাধীন সিএস/এসএ দাগ নং-৫ (অংশ), আর এস দাগ নং-৭৫ (অংশ) এর উপর বিগত ০৪/০২/২০১৮ তারিখের ইমারত নির্মাণ কমিটির ৬৫৭ তম সভায় ০৪ (চার) তলা আবাসিক ইমারতের নকশা অনুমোদন করা হয়- যার নকশা নং ন-৮৬/২০১৮। অনুমোদন পরবর্তীতে নির্মাণ কাজ শুরু করলে শেখ বাবলু, রহমতিয়া জামে মসজিদ রোড, পশ্চিম টুটপাড়া, মণ্ডলার বাড়ীর খালপাড়, শিপইয়ার্ড-৯২০১, খুলনা নামের জনৈক ব্যক্তি নির্মাণ কাজের অনিয়মের বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন। অভিযোগের ভিত্তিতে সরেজমিনে তদন্ত করে দেখা যায়, অনুমোদিত নকশার খেলাপী করে নির্মাণ কাজ শুরু করা হয়েছে। যার পরিপ্রেক্ষিতে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। নোটিশের একটি কপি সংশ্লিষ্ট ধানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করে খেলাপী নির্মাণ কাজটি বন্ধ করার সহযোগীতার জন্য অনুরোধ করা হয় এবং বিদ্যুৎ বিতরণ বিভাগ, ওজোপাড়িকো, খুলনাকে বিদ্যুৎ সংযোগ থাকলে বিচ্ছিন্ন করার/না থাকলে সংযোগ না দেওয়ার জন্য অনুরোধ করা হয়। অতঃপর কেডিএ ব্যত্যয়কৃত নির্মাণ কাজটি বন্ধ করার জন্য ধারাবাহিক কার্যক্রম গ্রহণ করে সর্বশেষ ০৬/০৮/২০১৯ তারিখে ইস্যুকৃত চিঠিতে ব্যত্যয়কৃত নির্মাণ কাজ ভাঙ্গার জন্য নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায় ফ্লোর লেবেল পর্যন্ত নির্মাণ কাজ করা হয়েছে। জনাব এস এম কামরুল ইসলাম উক্ত কাজের খেলাপী অংশের কিছু নির্মাণ কাজ ভাঙ্গা শুরু করেছেন এবং বাকী খেলাপী অংশের কাজ সত্তর ভেঙ্গে নিবেন বলে জানিয়েছেন। এখানে আইনের কোন ব্যত্যয় বা অনিয়ম করে ভবনের নকশা অনুমোদন দেওয়া হয়নি। বিধি বহির্ভূতভাবে নকশা অনুমোদনের কোন সুযোগ নেই।


সেয়ারম্যান
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।